# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তিকে রুকূ‘তে ও সাজদাতে আল্লাহর জন্য তাসবীহ বা পবিত্রতা পাঠ করার নির্দেশ

ذكر الأمر بِالتَّسْبِيحِ لِلَّهِ جَلَّ وَعَلَا فِي الرُّكُوعِ وَالسُّجُودِ لِلْمُصَلِّي فِي صَلَاتِهِ

আরবী

1895 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا مُوسَى بْنُ أَيُّوبَ الْغَافِقِيُّ عَنْ عَمِّهِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: لَمَّا نَزَلَتْ {فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيمِ} [الواقعة: 74] [قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اجْعَلُوهَا فِي رُكُوعِكُمْ) فَلَمَّا نَزَلَ {سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى}] قال: (اجعلوها في سجودكم)

الراوي : حُذَيْفَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1895 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (152) , ((الإرواء)) (2/ 41).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: عَمُّ مُوسَى بْنِ أَيُّوبَ اسْمُهُ: إِيَاسُ بْنُ عَامِرٍ مِنْ ثِقَاتِ الْمِصْرِيِّينَ

বাংলা

১৮৯৫. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন এই আয়াত নাযিল হলো, فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيمِ (অতএব আপনি আপনার মহান প্রভুর নামের পবিত্রতা ঘোষনা করুন। -সূরা ওয়াকিআহ: ৭৪) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা এটাকে তোমাদের রুকূ‘তে রাখো।” অতঃপর যখন নাযিল হলো, سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى (আপনি আপনার সমুন্নত প্রভুর নামের পবিত্রতা ঘোষনা করুন), তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা এটাকে তোমাদের সাজদায় রাখো।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “মুসা বিন আইয়ূবের চাচার নাম ইয়াস বিন আমির। তিনি মিসরের

একজন নির্ভরযোগ্য রাবী।”

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১০০০; আবূ দাউদ: ৮৬৯; ইবনু মাজাহ: ৮৮৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৬০১; মুসনাদ আহমাদ: ৪/১৫৫; দারেমী: ১/২৯৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৩৫; তাবারানী: ১৭/৮৮৯; সুনান বাইহাকী: ২/৮৬; হাকিম: ১/২২৫।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ১৫২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91111

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন